গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
ছাটাই শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.৩

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে সরকারি পাওনা টাকা আদায়ের বিষয়ে তদারকি।**

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৪.১৭.১৮২, তারিখ: ১৩/০৯/২০২০ খ্রি:।
২। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৪.১৭.৬, তারিখ: ২৬/০১/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ২নং স্মারকে স্ব স্ব বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহের অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে সরকারি পাওনা টাকা আদায়ে মাঠ পর্যায়ে নিয়মিত মনিটিরিং এর বিষয়টি তার দপ্তর থেকে মাসভিত্তিক প্রেরিত প্রতিবেদনে অন্তর্ভূক্ত করার জন্য বলা হয়েছিল। কিন্তু তার দপ্তর থেকে মাসভিত্তিক প্রেরিত প্রতিবেদনে মনিটরিং এর বিষয়টি অন্তভূক্ত করা হচ্ছে না। ফলে অনাদায়ী চালকল মালিকদের নিকট সরকারি পাওনা আদায়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যাচ্ছে না। এখন থেকে আলোচ্য বিষয়ে স্ব স্ব বিভাগ থেকে প্রেরিত প্রতিবেদনে তদারকির বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

অপরদিকে সূত্রস্থ ১নং স্মারকে অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়েছিলো। এ ব্যাপারে দীর্ঘ প্রায় দেড় বছর সময় অতিবাহিত হলেও স্ব স্ব বিভাগের জেলাসমূহের আদালতে বিচারাধীন অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে সরকারি পাওনা আদায়ের কোন অগ্রগতি নেই। মামলার কার্যক্রম এভাবে চলমান থাকলে অবশিষ্ট সরকারি পাওনা টাকা আদায় দুরূহ হয়ে পড়বে।

এমতাবস্থায়, সূত্রস্থ ১ ও ২নং স্মারকের মর্মানুযায়ী স্ব স্ব বিভাগের জেলাসমূহের আদালতে অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে সরকারি পাওনা টাকা আদায় সংক্রান্ত বিচারাধীন মামলাসমূহ নিয়মিতভাবে তদারকির লক্ষ্যে তদারকির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নিবিড় তদারকি করার বিষয়ে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে নির্দেশনা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ লিখিতভাবে মামলা তদারকি কর্মকর্তাকে চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করবেন। তদারকি কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বিজ্ঞ সরকারি কৌশলীকে চলমান মামলা দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করবেন। এ বিষয়ে মামলা তদারকি কর্মকর্তা প্রতি মাসেই মামলা তদারকি সংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ বরাবর দাখিল করবেন। মামলা তদারকিতে শৈথিল্য প্রদর্শন করলে এবং এ নিয়ে কোন জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট মামলা তদারকি কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রক ও বিভাগীয় প্রধান হিসাবে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককে জবাবদিহি করতে হবে।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচ্য।

সংযুক্ত: সূত্রস্থ পত্রদ্বয়।

১০-২-২০২২
মোঃ রায়হানুল কবীর
পরিচালক
ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.৩/১(৫)

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য ।

৩) সিনিয়র সহকারী সচিব , অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি জন্য।

৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০-২-২০২২
মোঃ রায়হানুল কবীর
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীন সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৪.১৭.১৮২

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭
১৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে পাওনা আদায় ও বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.৩ ২৬ আগস্ট ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে পাওনা আদায়ের লক্ষ্যে বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা যথাযথ আইনি প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-৯-২০২০
শারমিন ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০২৯৫১৪২৬৭
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৫
ইমেইল: info@mofood.gov.bd


মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
ছাটাই শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.৫

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



১৭-৯-২০২০
মোঃ আনিসুজ্জামান
পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.৫/১(৩)


তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতির প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়

২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর



১৭-৯-২০২০
মোঃ আনিসুজ্জামান
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীন সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৪.১৭.৬ তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

বিষয়: **অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে সরকারি পাওনা টাকা আদায়ের বিষয়ে মনিটরিং।**

সূত্র:

(১) খাদ্য অধিদপ্তরের পত্র সংখ্যা-১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.১ তারিখঃ ২০.০১.২০২১ খ্রি.

(২) এ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সংগ্রহ শাখার পত্র সংখ্যা-১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৪.১৭-১৮২ তারিখঃ ১৩.০৯.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে পাওনা টাকা আদায়ের লক্ষ্যে বিভিন্ন আদালতে মামলা বিচারাধীন রয়েছে। সরকারি পাওনা টাকা আদায়ে মাঠ পর্যায়ে নিয়মিত মনিটরিং এর বিষয়টি প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-১-২০২১
শারমিন ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০২৯৫১৪২৬৭
ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৫
ইমেইল: info@mofood.gov.bd

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
খাদ্য অধিদপ্তর

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৪.১৭.৬/১(২) তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

২৬-১-২০২১
শারমিন ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর


ছাটাই শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.২ তারিখ: ১৪ মাঘ ১৪২৭
২৮ জানুয়ারি ২০২১

মন্ত্রণালয়ের পত্রের মর্মানুযায়ী তাঁর দপ্তর থেকে আলোচ্য বিষয়ে প্রেরিত প্রতিবেদনে সরকারি পাওনা টাকা আদায়ে মাঠ পর্যায়ে নিয়মিত মনিটরিং এর বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।



৩০-১-২০২১
মোঃ আনিসুজ্জামান
পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.২/১(৪) তারিখ: ১৪ মাঘ ১৪২৭
২৮ জানুয়ারি ২০২১


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়

২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৪) সিনিয়র সহকারী সচিব , অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়



৩০-১-২০২১
মোঃ আনিসুজ্জামান
পরিচালক